আমি   শ্রাবণ-আকাশে ওই দিয়েছি পাতি
মম   জল-ছলো-ছলো আঁখি মেঘে মেঘে।
বিরহদিগন্ত পারায়ে সারা রাতি   অনিমেষে আছে জেগে ॥
যে   গিয়েছে দেখার বাহিরে   আছে তারি উদ্দেশে চাহি রে,
স্বপ্নে উড়িছে তারি কেশরাশি   পুরবপবনবেগে ॥
শ্যামল তমালবনে
যে পথে সে চলে গিয়েছিল   বিদায়গোধূলি-খনে
বেদনা জড়ায়ে আছে তারি ঘাসে,   কাঁপে নিশ্বাসে—
সেই   বারে বারে ফিরে ফিরে চাওয়া   ছায়ায় রয়েছে লেগে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Sahana
Visit www.geetabitan.com for notation and other detail